

দাবি পূরণের আশ্বাস, জবি শিক্ষার্থীর অবস্থান কর্মসূচি প্রত্যাহার

জবি প্রতিনিধি

২৫ ফেব্রুয়ারি, ২০২৫
০৩:১৪

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কণ্ঠ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ২০২০-২১ বর্ষের শিক্ষার্থী ইব্রাহীম খলিলের ৩ দফা দাবি পূরণের আশ্বাস দিয়েছেন প্রশাসন। এই প্রেক্ষিতে অবস্থান কর্মসূচি প্রত্যাহার করেছেন তিনি।

সোমবার (২৪ ফেব্রুয়ারি) সকাল ১০টার দিকে জবি উপাচার্যের দপ্তরে তিনি অবস্থান কর্মসূচিতে বসেন তিনি। বেলা ১২টায় ইব্রাহিমের সঙ্গে উপাচার্যের আলোচনার পর তিনি তার কর্মসূচি প্রত্যাহার করেন।

এদিন শিক্ষার্থীদের পক্ষে দেওয়া ৩টি দাবির স্মারকলিপি প্রদান ও বিকল্প ব্যবস্থা তিনি উপাচার্যের সামনে উপস্থাপন করেন।

দাবি গুলো হলো- ৪টি অত্যাধুনিক অ্যান্ডুল্যাস দিতে হবে, ন্যাশনাল মেডিক্যালের সঙ্গে চুক্তি করতে হবে যেখানে ন্যাশনাল মেডিক্যালের সকল সেবাসমূহ জবি শিক্ষার্থীরা ৩২% টাকা দিয়ে গ্রহণ করতে পারবে, জবি মেডিক্যাল সেন্টারে জবির অনিয়মিত অসুস্থ শিক্ষার্থীদের ৮০% ওষুধ প্রদান করতে হবে। জবি মেডিক্যাল সেন্টারে ডেস্কু টেস্ট ও এক্স-রে চালু করতে হবে, ৭ দিনের মধ্যে দাবিসমূহ বাস্তবায়ন করতে হবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. রেজাউল করিম বলেন, আমরা শিক্ষার্থী-শিক্ষক, কর্মকতা-কর্মচারী সবার স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য আশেপাশে ৫টি হাসপাতালে চুক্তির চিঠি পাঠিয়েছি।

অ্যাম্বুল্যান্স বাড়ানোর বিষয়ে আমরা ভাবছি।

উপাচার্য আরো বলেন, ‘আমি ইতিমধ্যেই তিন দিন ‘জবি মেডিক্যাল সেন্টার’ পরিদর্শন করেছি। প্রয়োজনীয় বিষয়গুলো ঠিক মতো দেওয়ার ব্যবস্থা করেছি। ইব্রাহীমের দেওয়া দাবিগুলো আমরা আগে থেকেই ভাবছি।

আমরা দাবিগুলো দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা করব।’

এসময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান ও ছাত্র উপদেষ্টা, দাবিসমূহে একাত্মতা প্রকাশকারী ত্রিাশীল ছাত্র সংগঠনের প্রতিনিধি ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

